

# শিক্ষার্থীদের আচরণবিধি

শিক্ষার্থী এবং পিতামাতা ও পরিচর্যাকারীদের জন্য তথ্য।

NSW সরকারী স্কুলগুলোতে সবাই অন্তর্ভুক্ত এবং সবাই সর্বোচ্চ শিক্ষাগত মান অর্জনের জন্য চেষ্টা করে।

এই আচরণবিধি NSW সরকারী স্কুলের সকল শিক্ষার্থীর জন্য প্রযোজ্য। এটি স্কুলের ভেতরে ও বাইরে সকল কার্যক্রমে, অনলাইনসহ এবং শিক্ষার্থীরা ব্যক্তিগতভাবে বা অন্যান্য শিক্ষার্থী, শিক্ষক, স্কুলের কর্মী ও কমিউনিটি সদস্যদের সঙ্গে কীভাবে আচরণ করবে— তার উপর প্রযোজ্য।

আমি সম্মানজনক, দায়িত্বশীল ও নিরাপদ থাকার মাধ্যমে এবং শিক্ষক ও কর্মীদের নির্দেশনা মেনে চলার মাধ্যমে আচরণবিধি অনুসরণ করি।

## সবাইকে সম্মান করুন

এর অর্থ হলো বিবেচনাশীল ও সহানুভূতিশীল হওয়া, যাতে সবাই স্বাগত ও অন্তর্ভুক্ত বোধ করে।

### আমি করব:

- সম্মানের সাথে কথা বলব ও অন্যদের কথা শুনব
- অন্যদের পড়াশোনায় মনোযোগ দিতে সাহায্য করব
- সবাইকে মূল্য দেব, অন্তর্ভুক্ত করব এবং ন্যায্য আচরণ করব
- আমাদের স্কুল পরিবেশের যত্ন নেব
- সঠিকভাবে ও গর্বের সাথে স্কুল ইউনিফর্ম পরব।

## দায়িত্বশীল হোন

এর অর্থ হলো নিজের কাজের ব্যাপারে সতর্ক থাকা, যাতে সবাই শিখতে পারে এবং ভালোভাবে চলতে পারে।

### আমি করব:

- যতটা সম্ভব প্রতিদিন স্কুলে আসব, সময়মতো পৌঁছাব, প্রয়োজনীয় জিনিসপত্র আনব এবং শেখার জন্য প্রস্তুত থাকব
- স্কুল ও শ্রেণিকক্ষের নিয়ম মেনে চলব
- প্রযুক্তি নিরাপদভাবে ও শেখার উদ্দেশ্যে ব্যবহার করব
- নিজের কাজ সম্পন্ন করব, সর্বোচ্চ চেষ্টা করব এবং প্রয়োজন হলে সাহায্য চাইব
- সুযোগ পেলে অন্যদের সাহায্য করব
- নিজের ভুল থেকে শিখব এবং উন্নতির চেষ্টা করব।

## নিরাপদ থাকুন

এর অর্থ হলো নিজের ও অন্যদের যত্ন নেওয়া, যাতে সবাই স্কুলে নিরাপদ থাকতে পারে।

### আমি করব:

- শিক্ষক ও স্কুল কর্মীদের নির্দেশনা মেনে চলব
- অন্যদের ব্যক্তিগত স্থান, গোপনীয়তা ও সম্পত্তির প্রতি সম্মান দেখাব
- কেউ নিরাপদ না মনে করলে বা অন্যায় আচরণের শিকার হলে সাহায্যের জন্য বলব
- মতভেদ শান্তভাবে ও ন্যায্যভাবে সমাধান করব।

### সবাইকে নিরাপদ রাখতে আমি যা করব না:

- কারো পরিচয় বা পার্থক্যের কারণে অন্যায় আচরণ করব না
- সহিংসতা, আঘাত, ভ্রমকি, হয়রানি বা বুলিং করব না (মোবাইল, ডিভাইস, কম্পিউটার, অনলাইন বা সোশ্যাল মিডিয়ার মাধ্যমেও না)
- স্কুলে অস্ত্র, অবৈধ মাদক, অ্যালকোহল, ভ্যাপ, ই-সিগারেট বা তামাক আনব না

যদি আমি এসব করি, তাহলে সবাইকে নিরাপদ ও শেখার উপযোগী পরিবেশ বজায় রাখতে স্কুল কর্তৃপক্ষ ব্যবস্থা নেবে। এতে সাময়িক বহিষ্কার অন্তর্ভুক্ত হতে পারে।

শিক্ষক ও স্কুলের কর্মীরা আমাকে শিখতে, সঠিক সিদ্ধান্ত নিতে এবং নিরাপদে থাকতে সাহায্য করেন। আমি নিয়মকানুন মেনে চলব, অন্যদের সাহায্য করব, তাদের অধিকারকে সম্মান করব এবং আমাদের স্কুলকে শেখার ও আপন করে নেওয়ার একটি চমৎকার জায়গা হিসেবে গড়ে তুলতে আমার ভাবনাগুলো সবার সাথে ভাগ করে নেব।

আমি নিশ্চিত করছি যে আমি শিক্ষার্থীদের আচরণবিধি পেয়েছি এবং এতে উল্লেখিত প্রত্যাশাগুলো বুঝেছি।

শিক্ষার্থীর নাম: .....

আমি/আমরা নিশ্চিত করছি যে আমরা শিক্ষার্থীদের আচরণবিধি পেয়েছি এবং এতে উল্লেখিত প্রত্যাশাগুলো বুঝেছি।

পিতামাতা/পরিচর্যাকারীর নাম: .....

পিতামাতা/পরিচর্যাকারীর স্বাক্ষর: .....

## টেলিফোন দোভাষী পরিষেবা

আপনি যদি আরও তথ্য জানতে চান, অনুগ্রহ করে স্কুলের প্রধান শিক্ষকের সাথে যোগাযোগ করুন। আপনার প্রশ্নে সহায়তার জন্য যদি একজন দোভাষী প্রয়োজন হয়, তাহলে 131 450 নম্বরে টেলিফোন দোভাষী পরিষেবাতে কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য অনুরোধ করুন।

আপনি যে ফোন নম্বরে কল করতে চান, সেটি অপারেটরকে বলুন এবং তিনি কথোপকথনে আপনাকে সাহায্য করার জন্য একজন দোভাষীকে লাইনে যুক্ত করে দেবেন। এই পরিষেবার জন্য আপনার কাছ থেকে কোনো অর্থ নেওয়া হবে না।